



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬.৪৮

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

বিষয়: ২০২৫ সনে অনুষ্ঠিত এসএসসি/দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণী পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের পারিশ্রমিক বিল ব্যাংকে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৫ সনে অনুষ্ঠিত এসএসসি/দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণী পরীক্ষার উত্তরপত্র প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের ৩,৭৬৭টি পারিশ্রমিক বিল বাবদ ৫,১২,৪১,৬৬২.৫৫ (পাঁচ কোটি বারো লক্ষ একচল্লিশ হাজার ছয়শত বাষট্টি টাকা পঞ্চান্ন পয়সা মাত্র) টাকার ০৯ (নয়)টি চেক যার চেক নং- ৮৭৮৭৪৬০ থেকে ৮৭৮৭৪৬৮ পর্যন্ত তারিখ : ১৬-০৯-২০২৫ খ্রি. (সংযোজিত তালিকা অনুযায়ী)। উল্লিখিত চেকের অর্থ সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক, পরীক্ষক ও নিরীক্ষকগণের স্ব স্ব সঞ্চয়ী হিসাব নম্বরে স্থানান্তর করে প্রযোজ্য ব্যাংক চার্জ প্রাপকের প্রাপ্য টাকা হতে কর্তনপূর্বক প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, তালিকায় বর্ণিত কোন হিসাব নম্বরে গড়মিল/ভুলত্রুটি থাকলে তাদের বরাদ্দকৃত অর্থ বোর্ডের সাক্ষি হিসাব নং ৪৪৪০৪৩৬০০০৪৮৩ তে জমা থাকবে। পরবর্তীতে আবেদন প্রাপ্তি সাপেক্ষে সংশোধন করে তালিকা প্রস্তুত করে সাক্ষি হিসাব থেকে অর্থ প্রেরণ করা যাবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক তালিকা ২ সেট।


(মোঃ আল মাসুদ করিম)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭


ব্যবস্থাপক
সোনালী ব্যাংক পিএলসি
আগারগাঁও শাখা, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬.৪৮

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পিএ টু সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি।


(মোঃ আবুল হোসেন)

উপপরিচালক (হি. ও নি.)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।